# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
## জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সেক্টর - ৮, প্লট - ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd

বিষয়: <u>নভেম্বর /২০২১ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।</u>

সভাপতি : জনাব মোঃ আমিনুল ইসলাম,
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

সভার তারিখ : ২৪ নভেম্বর, ২০২১

সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা

স্থান : বিপিআই অডিটোরিয়াম

উপস্থিতি : সংযুক্তি 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | সভার প্রারম্ভে গত অক্টোবর মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে কোনোরূপ সংশোধনের প্রয়োজন নাই। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ২। | সভায় অক্টোবর, ২০২১ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৩। | সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। উপপরিচালক ও সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে জানান, মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা<br>৩। এপিএ ও ইনোভেশন টিমের কর্মকর্তাগণ |

Shahedah

| | | | |
|---|---|---|---|
| ৪। | সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা (হিসাব শাখা) জনাব মোঃ রনি রায়হান জানান, হিসাব শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৫। | সভায় ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের প্রস্তুতি প্রসঙ্গে জানতে চাওয়া হলে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব মোঃ সাহিদুজ্জামান জানান অনুষ্ঠানের প্রস্তুতি উপলক্ষ্যে রিহার্সেল অব্যাহত আছে। সভাপতি উক্ত অনুষ্ঠানের প্রস্তুতি আরও গতিশীল করতে আগামী রবিবার একটি সভা করার পরামর্শ দেন। | আগামী রবিবার উক্ত বিষয়ে একটি সভা আয়োজন করতে হবে। | ১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। সকল বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। সকল সহকারী পরিচালক |
| ৬। | সভায় পরিচালক জনাব মাহবুবা ফারজানা বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে যোগদানকৃত নতুন কর্মকর্তাগণের বুনিয়াদী প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে। বিপিআই-এ এ ধরণের প্রশিক্ষণ আয়োজনের সক্ষমতা রয়েছে। সভাপতি জানান, বিপিআই একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে বুনিয়াদী প্রশিক্ষণ আয়োজন করা হবে। | বিপিআই-এ বুনিয়াদী প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৭। | সভায় বিগত ২০২০-২০২১ অর্থবছরে APA –এর পুরষ্কার প্রাপ্তিতে বিপিআই এর পরিচালক স্যারকে বিপিআই-এর পক্ষ থেকে ক্রেস্ট প্রদানের ব্যাপারে সভাপতিকে অবহিত করা হলে তিনি আগামী রোববার পরিচালক স্যারকে ক্রেস্ট প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন। | আগামী রোববার ক্রেস্ট প্রদান অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | ১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। সকল বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। সকল সহকারী পরিচালক, |
| ৮। | সভায় জানুয়ারী মাস থেকে সরাসরি প্রশিক্ষণের আয়োজনের ব্যাপারে বিপিআই এর সবাই প্রস্তুত কি না জানতে চাওয়া হয়। সবাই প্রস্তুত থাকায় পরবর্তী বোর্ড সভায় বিষয়টি নিয়ে আলোচনা করা হবে বলে সভাপতি সকলকে অবহিত করেন। | সিনিয়র সচিব মহোদয়ের সাথে আলোচনা করে দ্রুত বোর্ড সভায় সরাসরি প্রশিক্ষণের আয়োজনের প্রস্তাবটি উত্থাপন করা হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |

Shahadat

| | | | |
|---|---|---|---|
| ৯। | "A Study on the Optimum Ratio of Propane and Butane Mixture in LPG and Effects of Impurities for Different Usages" বিষয়ে গবেষণা করার ব্যাপারে সভায় অভিমত ব্যক্ত করা হয় এবং সভাপতির সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে সভাপতি অনুমতি প্রদান করে সকল প্রকার সহযোগিতা করার আশ্বাস দেন। | "A Study on the Optimum Ratio of Propane and Butane Mixture in LPG and Effects of Impurities for Different Usages" শীর্ষক গবেষণার কার্যক্রম যথাশীঘ্রই শুরু করতে হবে। | ১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। সকল বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ১০। | ক) সভায় বিপিআই-এর ৩য় এবং ৪র্থ শ্রেণি ( জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক ১১-২০তম গ্রেড) কর্মচারীগণের প্রবিধানমালা ২০১৬ এর ৯ এর ৪ অনুচ্ছেদ অনুযায়ী, "কর্মচারীগণের প্রশংসনীয় বা অসাধারণ কাজের জন্য দুইটি ইনক্রিমেন্ট অথবা বর্ধিত বেতন মঞ্জুর" করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>খ) কর্মচারীগণ দীর্ঘদিন পূর্বে এ বিষয়ে আবেদন করা সত্ত্বেও আশানুরুপ কোন ফল না পাওয়ায় সভাপতির নিকট পুনরায় প্রবিধানমালা ২০১৬ এর ৯ এর ৪ অনুচ্ছেদ অনুযায়ী উক্ত বিষয়ে আবেদন করেন। সভাপতি উক্ত বিষয়টি নিয়ে বিস্তারিত জানতে চাইলে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) বলেন, বিপিআই-এ ২য় শ্রেণির (১০ম গ্রেড) কোন পদ না থাকায় দীর্ঘদিন যাবত চাকুরীরত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারিগণ অধিকার বঞ্চিত অবস্থায় আছেন। সভাপতি তাদের আবেদনে মৌখিক সম্মতি জানিয়ে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জানান, যেহেতু বিষয়টির সাথে আর্থিক সংশ্লেষ রয়েছে তাই বিপিআই আইন,২০০৪ এর ৮(১) এর (ক), (ঘ) ও (ঙ) অনুচ্ছেদ অনুযায়ী এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদানের জন্য বোর্ড সভার অনুমোদনের বাধ্যবাধকতা রয়েছে। সভাপতি পরবর্তী বোর্ড সভায় বিষয়টি উত্থাপন করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। | ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০তম গ্রেড) কর্মচারীদের প্রশংসনীয় বা অসাধারণ কাজের জন্য দুইটি ইনক্রিমেন্ট অথবা বর্ধিত বেতন এর বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উত্থাপন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক (প্রশাসন) |

Shahadat

| | | | |
|---|---|---|---|
| ১১। | সভায় সহকারী পরিচালক, জনাব রুবেল হোসেন জানান পে স্কেল ২০১৫ সংশোধনী অনুযায়ী ৯ম গ্রেডে যারা সরাসরি নিয়োগপ্রাপ্ত হন তাদের একটি ইনক্রিমেন্ট নিয়ে যোগদানের কথা থাকলেও বিপিআই-এ ৯ম গ্রেডের কর্মকর্তাগণ উক্ত ইনক্রিমেন্টটি পাননি। সভাপতি এ ব্যাপারে সকল ৯ম গ্রেডের কর্মকর্তাগণকে যুক্তিসহ এবং স্বয়ংসম্পূর্ণ (প্রমাণক সহ) খসড়া আবেদন প্রস্তুত করার পরামর্শ দেন। | ৯ম গ্রেডের সকল কর্মকর্তাদেরকে যুক্তিসহ এবং স্বয়ংসম্পূর্ণ (প্রমাণক সহ) খসড়া প্রস্তুত আবেদন করতে হবে। | ১। সকল বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। সকল সহকারী পরিচালক |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/
২৮/১১/২০২১
(মোঃ আমিনুল ইসলাম)
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

নং-২৮.০৪..০০০০..০০৩.০৬.০০১.১৮-

তারিখ : ২৮ নভেম্বর,২০২১ / ১৩ অগ্রহায়ণ, ১৪২৮

সদয় অবগতি/অনুলিপি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

(১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) পরিচালক, প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৪) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৫) সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৬) বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৭) সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৮) সহকারী পরিচালক (হিসাব শাখা), বিপিআই।
(৯) হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার, বিপিআই।
(১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিপিআই।
(১১) অফিস কপি।

২৮/১১/২০২১

(মোঃ আমিনুল ইসলাম)
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট